যায়যায়দিন

08 JUN 2007

# দ্রব্যমূল্য কমানোর আশ্বাস দিয়ে ৮৭ হাজার কোটি টাকার বাজেট




## রাজস্ব আয় ৫৭,৩০১ কোটি টাকা ব্যয় ৭৯,৬১৪ কোটি টাকা

আসিফ শওকত ও আবদুর রহিম হারমাছি

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কথা অকপটে স্বীকার করে তা সাধারণ-মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে নিয়ে আসার আশ্বাস দিয়ে অর্থ উপদেষ্টা ড. এ বি মির্জা আজিজুল ইসলাম ২০০৭-০৮ অর্থ বছরের জন্য ৮৭ হাজার ১৩৭ কোটি টাকার বিশাল বাজেট ঘোষণা করেছেন। অতীতে কোনো অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় দ্রব্যমূল্য নিয়ে এতোটা উদ্বিগ্ন হতে দেখা যায়নি। কিন্তু এবারে অর্থ উপদেষ্টার বাজেট বক্তৃতার অনেকাংশ জুড়ে ছিল দ্রব্যমূল্যের বিষয়টি। বর্তমানে দেশে সবচেয়ে বেশি আলোচিত এ দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে বাজেটে নানামুখী পদক্ষেপের কথা ঘোষণা করেছেন তিনি। কৃষি খাতে বিনিয়োগ বৃদ্ধিসহ চাল ও গমের আমদানি দ্বিগুণ করার ঘোষণা দেয়া হয়েছে। ভোজ্য তেল ও মসুর ডালের আমদানি শুল্ক সম্পূর্ণ প্রত্যাহার করা হয়েছে। চাল, গম, পেয়াজ, মটর ডাল, ছোলা ডালসহ কয়েকটি পণ্যের আমদানি শুল্ক আগেই প্রত্যাহার করা হয়েছে।

এছাড়া বাজেটে রাজস্ব আদায় বাড়াতে করের আওতা ব্যাপক সম্প্রসারণ করা হয়েছে, নেয়া হয়েছে নানামুখী পদক্ষেপ। ভ্যাটের আওতা বাড়ানো হয়েছে। করমুক্ত আয়ের সীমা ১ লাখ ২০ হাজার টাকা থেকে বাড়িয়ে দেড় লাখ টাকা করার প্রস্তাব করা হয়েছে। সেই সঙ্গে আগামী জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ৫৩৬ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে।

পৃ ১৫ ›› ক ১




## ...র আশ্বাস দিয়ে



১০% হারে উৎসে অগ্রিম কর কর্তন সম্প্রসারণের প্রস্তাব করা হয়েছে। বিদ্যুৎ সঙ্কটের বিষয়টি বিবেচনায় এনে বাজেটে সৌরশক্তি উৎপাদন প্লান্টকে কর অবকাশ সুবিধা দেয়া হয়েছে।

**আমদানি শুল্ক** : আমদানি শুল্ক কাঠামোতে বাজেটে বিদ্যমান ৫%, ১২% ও ২৫%-এর পরিবর্তে ১০%, ১৫% ও ২৫% স্তর নির্ধারণ করা হয়েছে। ৪% অবকাঠামো উন্নয়ন সারচার্জ প্রত্যাহার করা হয়েছে। সম্পূরক শুল্কের ১৫% ও ২৫%-এর দুটি স্তর একীভূত করে ২০% করা হয়েছে। কমপিউটার ও কমপিউটার সামগ্রী ও টেক্সটাইল যন্ত্রপাতির ওপর বিদ্যমান শূন্য শুল্কহার সুবিধা বাতিল করা হয়েছে।

স্থানীয় শিল্পের সুরক্ষার জন্য বাজেটে সিএনজিচালিত বাস সংযোজন শিল্প বিকাশের জন্য সিবিইউ বাস আমদানির ক্ষেত্রে আমদানি শুল্ক ৫% থেকে বাড়িয়ে ১৫% করার প্রস্তাব করা হয়েছে। সিএনজিচালিত ট্রাক আমদানি উৎসাহিত করতে আমদানি শুল্ক ২৫% থেকে কমিয়ে ১০%-এ নামিয়ে আনা হয়েছে। নিউজপ্রিন্ট আমদানি ওপর শুল্ক হার ২৫% থেকে ১৫%-এ নামিয়ে আনা হয়েছে এবং স্থানীয় নিউজপ্রিন্ট শিল্পের বিকাশের জন্য এর কাঁচামাল শুল্কমুক্ত করা হয়েছে। পুরনো বা রিকন্ডিশন্ড গাড়ি শুল্কায়নের ক্ষেত্রে গাড়ির প্রকৃত মূল্যের ওপর ডিলারস কমিশন ডিসকাউন্ট সুবিধা ২৫%

